যুগান্তর

তারিখ 31 JAN 2013
পৃষ্ঠা ৩ কলাম ৪

# আইজিএসের গোলটেবিল বৈঠকে স্থায়ী শিক্ষা কমিশন গঠনের দাবি

**যুগান্তর রিপোর্ট**

দেশের প্রাথমিক শিক্ষার মান উন্নয়নকে একটি চ্যালেঞ্জ হিসেবে আখ্যায়িত করেছেন শিক্ষাবিদরা। বুধবার সকালে নগরীর ব্র্যাক সেন্টার ইন-এ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব গভর্নেন্স স্টাডিজ (আইজিএস) আয়োজিত 'বাংলাদেশের প্রাথমিক শিক্ষা : নীতি, প্রভাব, করণীয়' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে এ কথা বলেন তারা। এতে শিক্ষাবিদ ও গবেষকরা সবার জন্য আন্তর্জাতিক মানের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে একটি সার্বিক কর্মসূচি প্রণয়ন, এ খাতে বরাদ্দ দ্বিগুণ, উপযুক্ত শিক্ষক নিয়োগ, যথাযথ প্রশিক্ষণ দান, অসমতা ও বৈষম্য দূরীকরণ, মাঠপর্যায়ের জ্ঞান-অভিজ্ঞতার ভিত্তিতে নীতি প্রণয়ন, সরকারি প্রকল্পসমূহের যথাযথ মূল্যায়ন, রাজনীতিক-আমলা-নাগরিক সমাজকে যৌথভাবে কাজ এবং স্থায়ী শিক্ষা কমিশন গঠন করার দাবি জানান।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব এডুকেশনাল ডেভেলপমেন্টের জ্যেষ্ঠ উপদেষ্টা ড. মনজুর আহমদের পরিচালনায় বৈঠকে বক্তব্য রাখেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি এবং ফাউন্ডেশন ফর এডুকেশনাল রিসার্চ ফর প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্টের সভাপতি প্রফেসর ড. কাজী সালেহ আহমদ, জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য কাজী ফারুক আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা গবেষণা প্রতিষ্ঠানের পরিচালক ড. আবুল এহসান, শিক্ষা বিশেষজ্ঞ এএনএম হাবিবুর রহমান, সমীর রঞ্জন নাথ, অধ্যাপক ড. মাহফুজুল আলম, এনবিআরের সাবেক চেয়ারম্যান ড. নাসির উদ্দিন আহমেদ, কানাডার স্কুল অব পাবলিক পলিসির অধ্যাপক জন রিচার্ডস, ইউনিসেফ'র নবেন্দু দাহাল ও মুহাম্মদ মহসিন, ইউনেস্কোর এম শহিদুল ইসলাম, শিক্ষক নেতা আবদুর রহমান, জাহাঙ্গীর খান প্রমুখ। বৈঠকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইজিএসের গবেষণা সহযোগী মো. সিরাজুল ইসলাম এবং এর লক্ষ্য ব্যাখ্যা করেন আইজিএসের পরিচালক ড. রিজওয়ান খায়ের। বৈঠকে ড. মনজুর আহমদ বলেন, ২০১০ সালে জাতীয় সংসদে কোন আলোচনা ছাড়াই জাতীয় শিক্ষানীতি গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে কমিটিগুলোতে আমলাদের প্রাধান্য, মৌলিক শিক্ষা বিষয়ে প্রতিদিন সংবিধানের বিধান লঙ্ঘন করা হচ্ছে। সমীর রঞ্জন নাথ বলেন, গত কুড়ি বছরে জাতীয় সংসদে একদিনের জন্যও প্রাথমিক শিক্ষা বিষয়টি আলোচিত হয়নি। সবাইকে বিনা পয়সায় বই সরবরাহের দরকার নেই বলেও তিনি মনে করেন।